কালের কণ্ঠ

14 JAN 2017

6

# ভারতের ছাপা ৪৭ লাখ বই পৌঁছেছে তিন জেলায়

নিজস্ব প্রতিবেদক ▷

ভারতীয় প্রতিষ্ঠান 'শেশা সাই'য়ের মাধ্যমে ছাপা হওয়া ৪৭ লাখ বই তিনটি জেলায় পৌঁছেছে। আগামীকাল রবিবার বা সোমবারের মধ্যেই নোয়াখালী, লক্ষ্মীপুর ও চট্টগ্রামের ৩০টি উপজেলার প্রাথমিক বিদ্যালয়ে এসব বই পৌঁছবে বলে নোয়াখালী জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে।

নোয়াখালী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আনোয়ার হোসেন সিদ্দিকী কালের কণ্ঠকে বলেন, 'আজই (গতকাল) আমাদের কাছে বই এসে পৌঁছেছে। এখন তা উপজেলা পর্যায়ে পাঠানো হচ্ছে। দুই-এক দিনের মধ্যেই আমাদের জেলার সব শিশু বই হাতে পাবে।'

লক্ষ্মীপুরের রায়পুর উপজেলা ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা ফাতেমা ফেরদৌসী বলেন, 'আমরা জানতে পেরেছি আজই (গতকাল) নোয়াখালী থেকে আমাদের জেলার উদ্দেশে বইয়ের গাড়ি রওনা হয়েছে। উপজেলার সব স্কুলের প্রধান শিক্ষকদের আগে থেকেই বলা আছে। আমরা বই পাওয়ার এক দিনের মধ্যেই সব স্কুলে তা পৌঁছানোর ব্যবস্থা করব।'

জানা যায়, সারা দেশে বছরের প্রথম দিনে বই উৎসব হলেও ব্যতিক্রম ছিল নোয়াখালী, লক্ষ্মীপুর ও চট্টগ্রামের ৩০টি উপজেলা। এসব স্থানে ভারতীয় প্রতিষ্ঠান 'শেশা সাই'য়ের ৪৭ লাখ বই পাঠানোর কথা ছিল। কিন্তু সেই বই সময়মতো না পৌঁছানোয় এসব উপজেলার শিক্ষার্থীরা বই পায়নি। পরে সারা দেশের অতিরিক্ত ২ শতাংশ বই থেকে কিছু বই ওই উপজেলাগুলোতে পাঠানো হয়। তখন একটি-দুটি করে বই শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয়।